

## Indian assistance to Mauritius to deal with the environmental crisis due to oil spill

August 16, 2020

তেল ছড়িয়ে পড়ার কারণে পরিবেশগত সংকটের মোকাবিলা করার জন্য মরিশাসকে ভারতের সহায়তা প্রদান  
অগাস্ট 16,2020

মরিশাসের দক্ষিণপূর্ব সমুদ্রতটে ছড়িয়ে পড়ার কারণে পরিবেশগত সংকটের মোকাবিলায় মরিশাস সরকারের (GoM)-এর অনুরোধে সাড়া দিয়ে বায়ুসেনার একটি বিমানে করে 30 টনের বেশী যান্ত্রিক সরঞ্জাম এবং উপকরণ ভারত সরকার মরিশাসে প্রেরণ করেছে। তেলের ছড়িয়ে পড়াকে রোধ করতে এবং মরিশাসের চালিয়ে যাওয়া উদ্ধারকার্যের পূরক হিসেবে এটি সহায়তা করবে।

এই বিশেষ সরঞ্জামগুলির মধ্যে রয়েছে ওসিয়ান বুমস, রিভার বুমস, ডিস্ক স্কিমারস, হেলি স্কিমারস, পাওয়ার প্যাকস, ব্লোয়ার, স্যালভেজ বার্জ এবং অয়েল অ্যাবসরভেন্ট গ্রাফাইন প্যাড ও অন্যান্য সরঞ্জাম। এগুলি তেলের পিচ্ছিলতাকে রোধ করা, জলের উপরিতল থেকে তেল তুলে নেওয়া এবং পরিষ্কার করা ও উদ্ধারকার্যে সহায়তা করার জন্য বিশেষভাবে নির্মিত। তেল ছড়িয়ে পড়াকে আটকানোর কার্যে বিশেষভাবে প্রশিক্ষিত ভারতীয় তটরক্ষী বাহিনী (ICG)-র 10 জনের একটি টেকনিক্যাল রেসপন্স টিমকেও মরিশাসে পাঠানো হয়েছে ওই স্থানে প্রয়োজনীয় প্রযুক্তিগত এবং প্রয়োগত কাজে সহায়তাকে বৃদ্ধি করার জন্য।

প্রধানমন্ত্রীর দৃষ্টিকোণ সাগর (এই অঞ্চলের সবার জন্য সুরক্ষা ও উন্নতি) (SAGAR (Security and Growth for All in the Region)) দ্বারা নির্দেশিত পথে ভারত মহাসাগরীয় অঞ্চলে ভারতের প্রতিবেশীদের মানবিক সাহায্য এবং বিপর্যয়ে ত্রাণ সাহায্যে সহায়তার হাত বাড়িয়ে দেয়া নীতির সাথে তাল রেখে ভারতের এই সহায়তা প্রদান। এই জরুরী সহায়তা, ভারত এবং মরিশাসের মধ্যে বন্ধুত্বের ঘনিষ্ঠ বন্ধনকে, এবং মরিশাসের জনগণের প্রয়োজনে সহায়তা করার জন্য ভারতের অঙ্গীকারবদ্ধতাকে প্রতিফলিত করেছে।

মিশন 'সাগর'-এর একটি অঙ্গ হিসেবে Covid-19 অতিমারির বিরুদ্ধে লড়াই করার জন্য অত্যাবশ্যকীয় ওষুধ, আয়ুর্বেদিক ওষুধের বিশেষ চালান এবং সেইসাথে একটি চিকিৎসা সহায়তাকারী দল সহ মরিশাসকে সম্প্রতি ভারতের পাঠানো সাহায্যের পরে এই সহায়তা প্রেরণ করা হয়েছে।

নিউ দিল্লি

অগাস্ট 16,2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.